দৈনিক জনকণ্ঠ

তারিখ : 6 JUL 2017
পৃষ্ঠা : ১৪ কলাম : ৬

# রাবি শিক্ষার্থীদের অসন্তোষ

**রাবি সংবাদদাতা ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আবাসিক হলগুলোর ডাইনিংয়ে খাবারের দাম বাড়িয়েছে বিশ্ববিদ্যালয় হল পরিষদ। সোমবার প্রাধ্যক্ষ পরিষদের 'ডাইনিং সুষ্ঠুভাবে পরিচালনা ও মিলচার্জ বৃদ্ধি' বিষয়ক উপ-কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। মঙ্গলবার আবাসিক হলগুলোতে খাবারের দাম বৃদ্ধির বিষয়টি জানিয়ে বিজ্ঞপ্তি টানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, উপ-কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বুধবার থেকে দুপুরের খাবারের দাম ২০ টাকার পরিবর্তে ২৪ টাকা এবং রাতে ১৬ টাকার পরিবর্তে ১৮ টাকা করা হয়। এছাড়া সভায় ডাইনিংয়ের খাবারের মান যথাসম্ভব উন্নতকরণ, রাত ১০টা পর্যন্ত ডাইনিং খোলা রাখা এবং খাবার প্রস্তুত, পরিবেশন ও পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কর্মচারীদের আন্তরিক হওয়ার নির্দেশও দেয়া হয়। খোঁজ নিয়ে জানা যায়, বুধবার থেকে বিশ্ববিদ্যালয়ের হলগুলোর ডাইনিংয়ে বর্ধিত দামে শিক্ষার্থীরা খাবার খাচ্ছেন। দাম বাড়ার পরেও ডাইনিংগুলোতে প্রায় একই রকম খাবার পরিবেশন করায় শিক্ষার্থীরা অসন্তুষ্ট। শের-ই-বাংলা হলের এক আবাসিক শিক্ষার্থী ক্ষোভ উগরে বলেন, হলের কর্মচারীদেরও বাজারের সঙ্গে সংগতি রেখে ডাইনিংয়ে সামান্য দাম বাড়িয়ে খাবারের মান বাড়বে না। এর জন্য ডাইনিংয়ে ভর্তুকি বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন বিভিন্ন খাতে কোটি কোটি টাকা খরচ করে, কিন্তু হলের ডাইনিংয়ে ভর্তুকি দেয় না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এন.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর